

## জোট সরকার মাদ্রাসা শিক্ষার উন্নয়নে ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছে-অর্থমন্ত্রী

সিলেট অফিস : অর্থ ও পরিকল্পনামন্ত্রী এম সাইফুর রহমান বলেছেন, বর্তমান চারদলীয় জোট সরকার মাদ্রাসা শিক্ষার উন্নয়নে ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছে। সিলেটের ফুল, কলেজ ও মাদ্রাসাগুলোর সম্প্রসারণ ও উন্নয়নের কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। এই এলাকার নির্বাচিত সংসদ সদস্য

হিসাবে শিক্ষা ও যোগাযোগসহ বিভিন্ন ক্ষেত্রে উন্নয়ন ড্রাবিড করা আমার দায়িত্ব। সেই ধারায় সিলেটের হযরত দাহআলাল দারুস-সুন্নাহ ইম্বাকুবিয়া মাদ্রাসায় ৫০ লাখ টাকা ব্যয়ে একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। যার বাস্তবায়ন শিগগির শুরু হবে। মন্ত্রী

৭-এর পৃঃ ৬-এর ২: দেখুন

### অর্থমন্ত্রী ৮-এর পৃষ্ঠার পত্র।

গতকাল (৩-এর) দুপুরে প্রখ্যাত আলোমৌলানা ছাহেব কিবলা ফুলতলী পীরের মাদ্রাসায় এক সংবর্ধনা সভায় বক্তৃতাকালে প্রকথা বলেন। এ সময় দেশ ও জাতির মঙ্গল কামনা করে মোনাজাত করেন ছাহেব কিবলা ফুলতলী। সংবর্ধনায় অর্থমন্ত্রী আরো বলেন, পর্যায়ক্রমে এই মাদ্রাসাকে একটি মডেল মাদ্রাসায় পরিণত করার পদক্ষেপ নেয়া হবে। তিনি ছাত্রদের বিদেশমুখী প্রবণতার পরিবর্তে শিক্ষায় মনোযোগী হওয়ার আহ্বান জানান। অর্থমন্ত্রী বলেন, সিলেট শহর জলাবদ্ধতার শহর হিসাবে পরিচিত ছিল। জোট সরকার ক্ষমতা গ্রহণের পর বেশকিছু পদক্ষেপ নেয়ায় তা দূর হতে চলেছে। তিনি উন্নয়নের জন্য তার হাতকে শক্তিশালী করে তুলতে আগামী মেয়র নির্বাচনে চারদলীয় জোট মনোনীত প্রার্থী এম এ হককে নির্বাচিত করার আহ্বান জানান। ডালামীয়ে ইসলামীয়ার কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক এম এ কাদির আল হাসানের পরিচালনায় প্রেভ অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মেয়র প্রার্থী জেলা বিএনপির সভাপতি এম এ হক, আনজুমানে আল ইসলামাহর মহাসচিব মাওলানা হুসাম উদ্দিন চৌধুরী ফুলতলী। উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক আরিফুল হক চৌধুরী, মহানগর আল-ইসলামাহর সভাপতি আলহাজ্ব গৌসুল হক, কেন্দ্রীয় যুবদলের সাংগঠনিক সম্পাদক কাইয়ুম চৌধুরী, জেলা প্রশাসক আবুল হোসেন, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আবুল কাহের শামীম প্রমুখ। এদিকে গতকাল অর্থমন্ত্রী সিলেট শহরের জালালাবাদ আবাসিক এলাকা, বাগবাড়ী ও মদিনা মার্কেট এলাকায় আয়োজিত সভায় বক্তব্য রাখেন।